



# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

কৃষিই সমৃদ্ধি

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং- ১২.২০.০০০০.০২০.২৩.০০২.২৫- ১৮৬৭(২)

তারিখঃ ১৫/০৮/২০২৫ খ্রি:

**বিষয়: “তারুণ্যের উৎসব ২০২৫” উপলক্ষে “তারুণ্যের উদ্ভাবনী শক্তি, রূপান্তরিত কৃষির চালিকা শক্তি” শীর্ষক সেমিনারে অংশগ্রহণ প্রসঙ্গে।**

উর্পযুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সরকার ঘোষিত “তারুণ্যের উৎসব ২০২৫” কর্মসূচির অংশ হিসেবে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল কর্তৃক আগামী ০৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রি., বৃহস্পতিবার (সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ৩:০০ ঘটিকা) গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়ের বেগম সুফিয়া কামাল অডিটরিয়ামে “তারুণ্যের উদ্ভাবনী শক্তি, রূপান্তরিত কৃষির চালিকা শক্তি” শীর্ষক একটি সেমিনার আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়ের স্নাতক শেষ বর্ষ ও মাস্টার্স পর্বের শিক্ষার্থী, তরুণ কৃষি উদ্যোক্তা ও উদ্ভাবক, শিক্ষক, তরুণ বিজ্ঞানী, এনজিও এবং প্রাইভেট সেক্টরের প্রতিনিধিসহ প্রায় ৫০০ জন অংশগ্রহণকারী সেমিনারে উপস্থিত থাকবেন। উক্ত সেমিনারে সচিব, কৃষি মন্ত্রণালয় মহোদয় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বলে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

এমতাবস্থায়, আগামী ০৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রি., বৃহস্পতিবার (সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ৩:০০ ঘটিকা) গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়ের বেগম সুফিয়া কামাল অডিটরিয়ামে অনুষ্ঠিতব্য “তারুণ্যের উদ্ভাবনী শক্তি, রূপান্তরিত কৃষির চালিকা শক্তি” শীর্ষক সেমিনারে অংশগ্রহণের জন্য সনির্বন্ধ অনুরোধ করা হল।

*ড. নাজমুন নাহার করিম*  
১৫/৮/২৫

(ড. নাজমুন নাহার করিম)

নির্বাহী চেয়ারম্যান (স্ব.দা.)

ফোন: ৪১০২৫২৫২

ই-মেইল: ec.barc@barc.gov.bd

**অনুলিপি:** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। অতিরিক্ত সচিব (সম্প্রসারণ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (গবেষণা), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব ও মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (প্রশাসন), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। অতিরিক্ত সচিব (পরিকল্পনা), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। অতিরিক্ত সচিব (সার ব্যবস্থাপনা ও উপকরণ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। অতিরিক্ত সচিব (নিরীক্ষা), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। যুগ্মসচিব (গবেষণা), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। উপসচিব (গবেষণা-১), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। আহ্বায়ক, “তারুণ্যের উৎসব ২০২৫” কর্মসূচি আয়োজক কমিটি, বিএআরসি, ঢাকা।
- ১১। পরিচালক (কম্পিউটার ও জিআইএস) বিএআরসি, ঢাকা (ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)।
- ১২। নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএআরসি, ঢাকা।
- ১৩। অফিস কপি।

ফোন: ০২- ৪১০২৫২৫২; ফ্যাক্স: ০২- ২২২২৪২৬৪৭

ই-মেইল: ec.barc@barc.gov.bd, info@barc.gov.bd; ওয়েবসাইট: www.barc.gov.bd